BAR STANDARDS BOARD

REGULATING BARRISTERS

## *আপনার কি অভিবাসন এবং আশ্রয় সংক্রান্ত বিষয়ে সাহায্যের প্রয়োজন? আপনার যা জানা প্রয়োজন*

আপনি যদি আপনার অভিবাসন এবং আশ্রয় সংক্রান্ত সমস্যার জন্য আইনি সাহায্যের সন্ধানে থাকেন তাহলে এই নির্দেশিকাটি আপনার জন্য। এটি ব্যাখ্যা করবে:

- আপনাকে আপনার অভিবাসন এবং আশ্রয়ের সমস্যার ক্ষেত্রে যে বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানগুলি সাহায্য করতে পারে,
- আপনার মামলার জন্য সেরাটি কিভাবে বেছে নেবেন,
- আপনি তাদের নিয়োগ করার পরে তাদের থেকে কি প্রত্যাশা করতে পারেন; এবং
- কোনও কিছু প্রত্যাশামতো না হলে আপনি কি করতে পারেন।

## কারা সাহায্য করতে পারেন?

বিভিন্ন ধরনের ব্যক্তি এবং প্রতিষ্ঠান আছে যারা আপনার মামলার বিষয়ে আপনাকে পরামর্শ দিতে পারেন বা আপনার প্রতিনিধিত্ব করতে পারেন। এরা 'প্রোভাইডার' (পরিষেবা প্রদানকারী) রূপে পরিচিত। একজন 'প্রোভাইডার' এমন একজন উপদেষ্টা বা আইনজীবী যার ইউকে-তে জনসাধারণকে অভিবাসন সংক্রান্ত পরামর্শ এবং পরিষেবা দেওয়ার অনুমতি আছে।

আপনি আপনার মামালায় সাহায্য করার জন্য কোনও প্রোভাইডারকে নিয়োগ নাও করতে পারেন। এই নির্দেশিকাটির উদ্দেশ্য হল, আপনি যদি আপনার মামলার জন্য অন্য কারো থেকে সাহায্য নিতে চান তাহলে তাতে সাহায্য করা। নীচে বিভিন্ন ধরনের প্রোভাইডারদের একটি তালিকা দেওয়া হল যা আপনাকে আপনার জন্য সেরাটি বেছে নিতে সাহায্য করবে।

| প্রোভাইডারের ধরন | তারা কি করেন | শব্দের অর্থ |
|---|---|---|
| **অভিবাসন উপদেষ্টা** | • অভিবাসন উপদেষ্টারা আপনাকে অভিবাসনের নিয়মগুলি সম্পর্কে পরামর্শ দিতে পারেন।<br>• এদের মধ্যে কিছু কেবলমাত্র সহজ **আবেদন** সম্পর্কে পরামর্শ এবং সহায়তা দিতে পারেন।<br>• অন্যরা আরও জটিল আবেদন করতে পারেন এবং **ট্রাইব্যুনালে** আপনার **প্রতিনিধিত্ব** করতে পারেন।<br>• নিয়োগ করার আগে আপনার সবসময় দেখে নেওয়া উচিৎ যে আপনার উপদেষ্টার কোন ধরনের কাজের অনুমতি আছে।<br>• অভিবাসন উপদেষ্টারা অফিস অফ দ্য | • **আবেদন** হল সেই ফর্মগুলি যা আপনি ইউকে-তে আপনার থাকার অধিকার সংক্রান্ত কোনও অনুরোধ জানানোর জন্য পূরণ করেন, যেমন আশ্রয়ের অনুরোধ।<br>• **প্রতিনিধিত্ব** হল যেক্ষেত্রে একজন প্রোভাইডার আপনাকে ট্রাইব্যুনালে (বা আদালতে) যে নথিপত্রগুলি নিয়ে যেতে হবে সেগুলি প্রস্তুত করতে সাহায্য করে এবং আপনার পক্ষ থেকে মামলাটি লড়ে।<br>• **ট্রাইব্যুনাল** একটি স্থান যেখানে একজন বিচারক আপনার মামলার সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করেন। |

| | | |
|---|---|---|
| | ইমিগ্রেশন সার্ভিসেস কমিশনার (ওআইএসসি) দ্বারা **নিয়ন্ত্রিত** হন - ওআইএসসি উপদেষ্টা।<br>• কাজের ধরন এবং জটিলতার ওপর নির্ভর করে অভিবাসন উপদেষ্টারা তিনটি বিভিন্ন স্তরে নিবন্ধিত (কাজ করার জন্য অনুমোদিত) হন। | • **ওআইএসসি দ্বারা নিয়ন্ত্রিত**-র অর্থ হল অভিবাসন উপদেষ্টারা যাতে ভালোভাবে এবং আপনার স্বার্থরক্ষার জন্য কাজ করেন তা নিশ্চিত করার জন্য ওআইএসসি কিছু নিয়ম নির্দিষ্ট করেছে যা অভিবাসন উপদেষ্টাদের মেনে চলতে হয়। |
| **আইনজীবী** | • ইউকে-তে প্রধানত তিন ধরনের আইনজীবী আছেন যারা অভিবাসন মামলায় সাহায্য করতে পারেন - সলিসিটর, ব্যারিস্টার এবং চার্টার্ড লিগ্যাল এক্সিকিউটিভ।<br>• আপনার কোন ধরনের আইনজীবী প্রয়োজন তা মামলাটি এবং যে কাজ করতে হবে তার উপর নির্ভর করবে।<br>আমরা নীচে বিভিন্ন ধরনের আইনজীবী সম্পর্কে আরও বিস্তারিতভাবে আলোচনা করেছি: | |
| | **আইনজীবীর ধরন** | **নিয়ন্ত্রণ - কারা তাদের নিয়ন্ত্রণ করে?** |
| **সলিসিটর** | • সলিসিটররা আপনাকে সরাসরি আইনি পরামর্শ প্রদান করেন।<br>• তারা আপনার সঙ্গে সাক্ষাৎ করবেন, আপনার মামলাটি বুঝবেন, সমস্ত কাগজপত্রের ব্যবস্থা করবেন এবং জড়িত অন্যান্যদের সঙ্গে যোগাযোগ করবেন।<br>• কিছু সলিসিটর আদালতে হাজির হতে পারেন কিন্তু অন্যান্যরা প্রায়ই তাদের গ্রাহকের পক্ষে আদালতে হাজির হওয়ার জন্য একজন ব্যারিস্টারকে নিয়োগ করেন। | • সলিসিটররা সলিসিটর রেগুলেশন অথরিটি (এসআরএ) দ্বারা নিয়ন্ত্রিত হন অর্থাৎ সলিসিটররা যাতে ভালোভাবে এবং আপনার স্বার্থে কাজ করেন তা নিশ্চিত করার জন্য নিয়মাবলী আছে যা তাদের মেনে চলতে হয়। |
| **ব্যারিস্টার** | • ব্যারিস্টাররা সলিসিটরদের মতোই কিছু কাজ করতে পারেন যেমন পরামর্শ দেওয়া এবং নথিপত্রের খসড়া তৈরি করা।<br>• তারা আদালত ও ট্রাইব্যুনালে আপনার প্রতিনিধিত্বও করতে পারেন।<br>• সাধারণত মামলাটির আরো অগ্রসর পর্যায়ে বা মামলাটি জটিল হলে ব্যারিস্টারদের সাহায্য নেওয়া হয়। | • ব্যারিস্টাররা বার স্ট্যান্ডার্ডস বোর্ড (বিএসবি) দ্বারা নিয়ন্ত্রিত হন অর্থাৎ ব্যারিস্টাররা যাতে ভালোভাবে এবং আপনার স্বার্থে কাজ করেন তা নিশ্চিত করার জন্য নিয়মাবলী আছে যা তাদের মেনে চলতে হয়। |
| **চার্টার্ড লিগ্যাল এক্সিকিউটিভ** | • চার্টার্ড লিগ্যাল এক্সিকিউটিভরা সলিসিটরদের মতো একই ধরনের কাজকর্ম করতে | • চার্টার্ড লিগ্যাল এক্সিকিউটিভরা সিআইএলএক্স (CILEx) রেগুলেশন দ্বারা নিয়ন্ত্রিত হন |

| | | |
|---|---|---|
| | পারেন।<br><br>• আপনার কাজ করার জন্য আপনি কোনো সলিসিটর সংস্থাকে নিয়োগ করলে সম্ভবত একজন চার্টার্ড লিগ্যাল এক্সিকিউটিভআপনার কাজের কিছুটা করবেন।<br><br>• চার্টার্ড লিগ্যাল এক্সিকিউটিভরা সিআইএলএক্স (CILEx) ইমিগ্রেশন প্র্যাক্টিশনার হওয়ার জন্যেও আবেদন করতে পারেন। এর অর্থ হল তারা তাদের নিজের সংস্থার মাধ্যমে অভিবাসন পরামর্শ এবং পরিষেবা দেওয়ার জন্য স্বাধীনভাবে কাজ করতে পারবেন। | অর্থাৎ চার্টার্ড লিগ্যাল এক্সিকিউটিভরা যাতে ভালোভাবে এবং আপনার স্বার্থে কাজ করেন তা নিশ্চিত করার জন্য নিয়মাবলী আছে যা তাদের মেনে চলতে হয়। |

অভিবাসন বা আশ্রয় সংক্রান্ত সাহায্য প্রয়োজন এমন বেশিরভাগ ব্যক্তি প্রথমে একজন উপদেষ্টা বা সলিসিটরের কাছে যান। একজন ভালো উপদেষ্টা বা সলিসিটর কিভাবে নির্বাচন করবেন জানার জন্য পৃষ্ঠা 3 দেখুন।

## আদালতে বা ট্রাইব্যুনালে ব্যারিস্টাররা

আপনার মামলাটি যদি আদালতে বা ট্রাইব্যুনালে নিয়ে যেতে হয় (যেমন আপনার আশ্রয়ের আবেদন যদি প্রত্যাখ্যান করা হয় এবং আপনি আপীল করতে চান) তাহলে আপনি চাইতে পারেন যে আপনার পক্ষ থেকে মামলাটি ব্যারিস্টারের মতো কোনও ব্যক্তি লড়বেন।

আপনার যদি একজন সলিসিটর বা উপদেষ্টা থাকে তাহলে তারা আপনার জন্য একজন ব্যারিস্টার নিয়োগ করতে পারেন (একমাত্র স্তর 3-এ নিবন্ধিত ওআইএসসি উপদেষ্টারা আদালত/ট্রাইব্যুনালে আপনার প্রতিনিধিত্ব করার জন্য একজন ব্যারিস্টারকে নিয়োগ করতে পারে)। অথবা আপনি নিজে একজনকে নিযুক্ত করতে পারেন। এটিকে **'পাবলিক অ্যাক্সেস'** (সার্বজনীন উপলব্ধতা) বলে। আপনি যদি একজন পাবলিক অ্যাক্সেস ব্যারিস্টার নিযুক্ত করেন তাহলে কিছু কাজ আপনাকে নিজেকে করতে হতে পারে যেমন কাগজপত্র অন্যান্যদের (যেমন একটি আদালত) দেওয়া কারণ বেশিরভাগ ব্যারিস্টার এটি করতে পারেন না। এটি অবশ্যই আপনার ব্যারিস্টারের কাছে জানতে চাইবেন এবং তাকে বুঝিয়ে বলতে বলবেন যে তারা কি কি করতে পারেন এবং আপনাকে কি কি করতে হবে।

সব ব্যারিস্টাররা 'পাবলিক অ্যাক্সেস' হন না। কিভাবে একজনকে খুঁজে পাবেন জানতে 'প্রয়োজনীয় যোগাযোগ' দেখুন।

## একজন প্রোভাইডারের জন্য খরচ প্রদান করা

বেশিরভাগ প্রোভাইডার আপনাকে যে সাহায্য প্রদান করেন সেজন্য টাকা নেন এবং তাদের নিজের মূল্য নিজে ঠিক করার অনুমতি আছে। বহু ক্ষেত্রে একজন ব্যারিস্টারের পারিশ্রমিক সলিসিটরের পারিশ্রমিকের সমান হয়। কারোকে নির্বাচন করার আগে আপনি একাধিক প্রোভাইডারের সঙ্গে কথা বলতে পারেন এবং তাদের মূল্য তুলনা করতে পারেন। নিয়োগ করার আগে আপনাকে কিভাবে এবং কখন তাদের টাকা দিতে হবে তা আলোচনা করে নেবেন।

**আপনার যদি আইনি পরামর্শ এবং প্রতিনিধিত্বের জন্য টাকা দেওয়ার সামর্থ্য না থাকে তাহলে আপনি হয়তো লিগ্যাল এইড বা আইনি সহায়তা পেতে পারেন।** আইনি সহায়তার অর্থ হল সরকার আপনাকে আইনি পরামর্শ এবং প্রতিনিধিত্বের খরচ মেটাতে সাহায্য করবে কিন্তু নির্দিষ্ট কিছু ধরনের মামলার ক্ষেত্রেই এটি পাওয়া যায়, যেমন আশ্রয়ের মামলা এবং আপীল, গার্হস্থ্য হিংসা বা মানুষ পাচার সংক্রান্ত মামলা এবং আটক ও জামিনের মামলা। সবসময় আপনার প্রোভাইডারকে জিজ্ঞাসা করে নেবেন যে আপনি আইনি সহায়তা পেতে পারেন কিনা, অথবা আপনি নিজেও সরকারের লিগ্যাল এইড ওয়েবসাইটে গিয়ে খোঁজ নিতে পারেন।

আপনি যদি আইনি সহায়তা না পেতে পারেন তাহলে কিছু ওআইএসসি উপদেষ্টারা বিনামূল্যে আপনাকে সাহায্য করতে পারেন। আপনার যদি অর্থ প্রদানের সামর্থ্য না থাকে তাহলে বার প্রো বোনো ইউনিটও আপনাকে বিনামূল্যে আইনি সাহায্য দিতে পারেন, কিন্তু কোনও উপদেষ্টা এজেন্সি যেমন সিটিজেন'স অ্যাডভাইস বা একটি ল সেন্টারের মাধ্যমে আপনাকে তাদের সঙ্গে যোগাযোগ করতে হবে। কোন উপদেষ্টা বা প্রতিষ্ঠানগুলি আপনাকে সাহায্য করতে পারে জানার জন্য পৃষ্ঠা 6-এ 'প্রয়োজনীয় যোগাযোগ' দেখুন।

প্রোভাইডাররা কিভাবে মূল্য ধার্য করছেন সেই সম্পর্কে আপনি তাদের যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে পারেন সেগুলি জানার জন্য পৃষ্ঠা 4-এ 'আপনার প্রোভাইডারদের প্রশ্ন জিজ্ঞাসা করার অধিকার আছে' দেখুন।

## একটি ভালো প্রোভাইডার নির্বাচন করা

নিজেকে সাহায্যে করতে সবচেয়ে ভালো যে কাজটি আপনি করতে পারেন সেটি হল একজন ভালো অভিবাসন প্রোভাইডার নির্বাচন করা, যাতে নিশ্চিত করা যায় যে আপনি যাকে নির্বাচন করেছেন তিনি নিয়ন্ত্রিত। নিয়ন্ত্রণকারীরা নিশ্চিত করেন যাতে তাদের দ্বারা নিয়ন্ত্রিতরা প্রত্যাশিত উচ্চ পেশাদারি স্ট্যান্ডার্ড পূরণ করে। যেমন প্রোভাইডারদের অবশ্যই:

- আপনাকে **সত্যি কথা বলতে হবে,**
- **আপনার স্বার্থে কাজ করতে হবে;** এবং
- তাদের **সাম্প্রতিকতম অভিবাসন আইন এবং রীতি সম্পর্কে ওয়াকিবহাল** থাকতে হবে।

ওআইএসসি উপদেষ্টা, সলিসিটর, ব্যারিস্টার এবং চার্টার্ড লিগ্যাল এক্সিকিউটিভদের তাদের নিয়ন্ত্রণকারী আনুষ্ঠানিক পর্ষদের ধার্য করা নিয়মাবলী মেনে চলতে হয়। এই নিয়ন্ত্রণ কোনও কিছু প্রত্যাশামতো না হলে আপনাকে সুরক্ষা প্রদান করে। যে ব্যক্তিরা নিয়ন্ত্রিত নন তাদের অভিবাসন আইন এবং রীতি সম্পর্কে সামান্য বা একেবারেই না জানতে পারেন।

আপনার জানা কেউ সুপারিশ করলেই আপনাকে সেই প্রোভাইডার ব্যবহার করতে হবে এমন মনে করবেন না। এমন একজনকে নির্বাচন করুন যিনি নিয়ন্ত্রিত, পেশাদার এবং আপনার মামলাটি গুরুত্বের সঙ্গে বিবেচনা করছেন।

আপনি যদি নিশ্চিত না হন যে কে আপনাকে সবচেয়ে ভালোভাবে সাহায্য করতে পারবেন তাহলে একটি উপদেষ্টা এজেন্সিতে (দাতব্য প্রতিষ্ঠান বা সরকারের পরিপোষিত একটি স্বাধীন এজেন্সি) যান বা আপনার সমস্যা সমাধানে সাহায্য করতে পারবে কিনা জানতে সরাসরি কয়েকজন প্রোভাইডারের সঙ্গে কথা বলুন। কিছু প্রোভাইডার প্রথমে আপনার সঙ্গে বিনামূল্যে সাক্ষাৎ করেন কিন্তু কিছু এজন্য আপনার থেকে টাকা নিতে পারেন, তাই তাদের সঙ্গে এবিষয়ে কথা বলতে ভুলবেন না।

একজন প্রোভাইডার খুঁজে বের করার জন্য পৃষ্ঠা 6-এ 'প্রয়োজনীয় যোগাযোগ দেখুন।

## আপনার প্রোভাইডারদের প্রশ্ন জিজ্ঞাসা করার অধিকার আছে

**আপনি আপনার প্রয়োজন মতো প্রোভাইডারদের যত খুশি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন** যতক্ষণ না আপনার বিকল্পগুলি, টাকা দেওয়ার ব্যবস্থাপত্র এবং আপনার জ্ঞাতব্য অন্যান্য বিষয়গুলি সম্পর্কে আপনি সম্পূর্ণভাবে বুঝতে পারেন। আপনার জন্য কে সঠিক প্রোভাইডার হবেন সেই সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনার কাছে পর্যাপ্ত তথ্য থাকা নিশ্চিত করুন। আপনি জিজ্ঞাসা করতে পারেন:

1. **আপনাকে কে নিয়ন্ত্রণ করে?** আপনার প্রোভাইডারকে অবশ্যই নিয়ন্ত্রিত হতে হবে – ওআইএসসি, সিআইএলএক্স, সলিসিটর রেগুলেশন অথরিটি (এসআরএ) বা বার স্ট্যান্ডার্ডস বোর্ডের (বিএসবি) মাধ্যমে।

2. **আমার আইনি পরিষেবার খরচের জন্য কি আমি আইনি সহায়তা বা অন্য কোনো সাহায্য পেতে পারি?** একজন ভালো প্রোভাইডার আপনি আইনি সহায়তা পেতে পারেন কিনা খোঁজ করবেন এবং সেটি নিয়ে আপনার সঙ্গে আলোচনা করবেন। **আপনি নিজে খরচ দিচ্ছেন নাকি আইনি সহায়তা পাচ্ছেন সেটি আপনার প্রাপ্ত পরিষেবার মান প্রভাবিত করা উচিৎ নয়।**

(আপনি একজন 'পাবলিক অ্যাক্সেস' ব্যারিস্টারকে নিয়োগ করলে আইনি সহায়তার জন্য আবেদন করতে পারবেন না। )

3. **আপনি কিভাবে চার্জ করেন এবং আপনি কিভাবে আপনার পরিষেবার মূল্য নির্ধারণ করেন?** কিছু প্রোভাইডার তাদের কাজের জন্য ঘন্টা প্রতি মূল্য ধার্য করেন, অন্যান্যরা একটি স্থির মূল্য ধার্য করেন, যেমন একটি আবেদন করা বা আদালতে আপনার প্রতিনিধিত্ব করার জন্য। এছাড়াও আপনি কিস্তিতে টাকা দিতে পারেন কিনা (নির্দিষ্ট সময়কাল ধরে ধাপে ধাপে বিলের টাকা দেওয়া) তা জিজ্ঞাসা করতে পারেন – কিন্তু সকলে এই সুবিধাটি দেন না।

4. **আমার চূড়ান্ত বিল কত হবে? কোনও অতিরিক্ত খরচ লাগবে?** একটি ভালো প্রোভাইডার স্পষ্টভাবে বুঝিয়ে বলবেন যে আপনার থেকে কখন এবং কিসের জন্য টাকা নেওয়া হবে। আপনার একমাত্র যে কাজের জন্য সম্মত হয়েছেন সেই কাজের জন্যেই টাকা দেওয়া উচিৎ। আপনার প্রোভাইডার যদি আপনাকে আরো টাকা দিতে বলেন তাহলে তাদের অবশ্যই দেখাতে হবে যে সেটি কিসের জন্য। আপনার দেওয়া সমস্ত টাকার জন্য সবসময় রসিদ চাইবেন। আপনার বিলের বিরোধিতা করার বা সেই বিষয়ে অভিযোগ জানানোর অধিকার আছে।

5. **আপনি আমার সঙ্গে কত ঘন ঘন যোগাযোগ করবেন এবং কিভাবে যোগাযোগ করবেন? আমি আপনার সঙ্গে কিভাবে যোগাযোগ করব?** একজন ভালো প্রোভাইডার আপনাকে জানাবেন যে কখন এবং কত ঘন ঘন তারা যোগাযোগ করবেন, এবং তারা আপনার মামলার প্রতিটি পর্যায়ে সম্পর্কে আপনাকে ওয়াকিবহাল রাখবেন। কিন্তু তারা যদি বেশ কিছু দিন আপনার সঙ্গে যোগাযোগ না করেন, তাহলেও আতঙ্কিত হবেন না – এর অর্থ হতে পারে যে আপনার মামলার ক্ষেত্রে জানানোর মতো নতুন কিছু ঘটেনি।

## আপনার প্রোভাইডারের সঙ্গে কাজ শুরু করা

শুরু থেকেই আপনার উচিৎ আপনার প্রোভাইডারকে খোলাখুলি এবং সৎভাবে সবকিছু জানানো। আপনাকে সঠিকভাবে সাহায্য করার জন্য তাদের সেই সমস্ত কিছু জানা প্রয়োজন যা আপনার মামলার সঙ্গে সম্পর্কিত। মনে রাখবেন: আপনি আপনার প্রোভাইডারকে যা কিছু বলবেন, সেগুলি তাদের গোপন রাখতে হবে। এছাড়াও, আপনার প্রোভাইডারকে জিজ্ঞাসা করবেন যে আপনাকে তাদের কোন কাগজপত্রগুলি দিতে হবে। এটি আপনার মামলায় সমস্যা এবং বিলম্ব এড়াতে সাহায্য করবে।

যখন তারা আপনার জন্য কাজ করা শুরু করবেন তখন তাদের অবশ্যই আপনাকে মূল কিছু তথ্য দিতে হবে যেমন:

- তারা যে কাজ করতে সম্মত হয়েছেন,
- আপনাকে কিভাবে এবং কখন টাকা দিতে হবে; এবং
- তাদের পরিষেবা সম্পর্কে সন্তুষ্ট না হলে আপনি কিভাবে অভিযোগ জানাবেন।

প্রায়ই এগুলি একটি চিঠিতে জানানো হয় – ব্যারিস্টার এবং ওআইএসসি উপদেষ্টাদের অবশ্যই আপনাকে একটি চিঠি পাঠাতে হবে, কিন্তু সলিসিটররা এই তথ্য অন্য কোনোভাবে আপনাকে জানাতে পারেন। আপনার আপনাকে যে পরামর্শ তারা দিচ্ছেন সেটি সহ **আপনার মামলা সংক্রান্ত সমস্ত কাগজপত্রের কপি চাওয়ার** অধিকার আছে (যদিও কিছু প্রোভাইডার এজন্য আপনার থেকে টাকা নিতে পারেন)।

এছাড়াও একজন **ভালো** প্রোভাইডার:

- ✓ বিনীত এবং সহানুভূতিশীল হবেন
- ✓ আপনার মামলা সম্পর্কে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা করবেন এবং আপনার কথা শুনবেন
- ✓ আপনার বিকল্পগুলি আপনাকে বুঝিয়ে বলবেন এবং আপনাকে নিজেকে সিদ্ধান্ত নিতে সাহায্য করবেন
- ✓ প্রতিটি পর্যায়ে কি ঘটছে সেটি বুঝতে আপনাকে সাহায্য করবেন এবং আপনাকে প্রণালীটিতে জড়িত রাখবেন
- ✓ কোনও সিদ্ধান্ত নেওয়া হলে সেটি সম্পর্কে, আপনার জন্য সেটির অর্থ কি এবং কোনও পরবর্তী পদক্ষেপ নিতে হলে সেটি আপনাকে বুঝিয়ে বলবেন
- ✓ চিঠি, কাগজপত্র এবং আপনার জন্য তারা কোনো আবেদন করে থাকলে সেগুলির কপি আপনাকে দেবেন।

এমন প্রোভাইডারকে বিশ্বাস করবেন না যারা দাবী করবেন যে তারা আপনার মামলার ফলাফলকে প্রভাবিত করতে পারেন বা আপনাকে বিশেষ সুযোগসুবিধা পাইয়ে দিতে পারেন।

## আমি যদি ভালো পরিষেবা না পাই তাহলে কি হবে?

মাঝে মাঝে আপনাকে বাজে পরিষেবা দেওয়া হচ্ছে কিনা সেটি জানা কঠিন হয়। সিদ্ধান্ত নিতে সাহায্যের জন্য নিজেকে জিজ্ঞাসা করুন:

- আমার প্রোভাইডার কি আমার জন্য যেটি সেরা সেই পরামর্শ দিচ্ছেন বা করছেন?
- আমার ঠিক মনে হচ্ছে না এমন কিছু করার জন্য কি আমার প্রোভাইডার আমাকে চাপ দিচ্ছেন বা রাজী করানোর চেষ্টা করছেন?
- আমার মামলার কোনও অগ্রগতি হচ্ছে বলে মনে হচ্ছে না কিন্তু তা সত্ত্বেও আমি কি অনেক টাকা দিচ্ছি?

ভালো পরিষেবাকে সবসময় টাকার নিরিখে বিচার করা যায় না। বহু প্রতিষ্ঠান আছে যেগুলি বিনামূল্যে ভালো পরামর্শ দিয়ে থাকে, এবং আপনি বেশি টাকা দিচ্ছেন মানেই সেটি বেশি ভালো পরিষেবা তার কোনো মানে নেই। আপনি যে পরিষেবা পাচ্ছেন সেই সম্পর্কে আপনি সন্তুষ্ট না হলে আপনি এগুলি করতে পারেন:

- **অভিযোগ**। আপনার প্রোভাইডারের সঙ্গে যেকোনো সমস্যা সম্পর্কে আপনার অভিযোগ করার অধিকার আছে, আপনি আইনি সহায়তা পেলেও। আপনি একাধিক কারণে অভিযোগ করতে পারেন, যেমন আপনার প্রোভাইডার যদি আপনাকে বাজে পরামর্শ এবং/বা পরিষেবা দেয়, অথবা তারা যদি অযৌক্তিক কারণে বা তারা যে কাজ করেনি সেইজন্য টাকা নেয়।

  আপনি যদি কোনও ব্যারিস্টার বা সলিসিটর সম্পর্কে অভিযোগ জানাতে চান তাহলে আপনাকে অবশ্যই:
  - তাদের কাছে সরাসরি অভিযোগ জানাতে হবে এবং আপনাকে জবাব দেওয়ার জন্য তারা আট সপ্তাহ সময় পাবেন
  - আপনি যদি কোনো জবাব না পান অথবা সেটি সম্পর্কে সন্তুষ্ট না হন, তাহলে তখন আপনি আইনি ন্যায়পালকে (লিগ্যাল ওম্বাডসম্যান) তাদের ওয়েবসাইটে গিয়ে বা 0300 555 0333 নম্বরে কল করে অভিযোগ জানাতে পারেন।

  একজন ওআইএসসি উপদেষ্টা সম্পর্কে অভিযোগ জানানোর জন্য ওআইএসসি-কে সরাসরি তাদের ওয়েবসাইটের মাধ্যমে বা 0345 000 0046 নম্বরে কল করে অভিযোগ জানাতে পারেন।

  আপনি যদি জানতে পারেন যে নিয়ন্ত্রিত নন এমন কেউ পরামর্শ দিচ্ছেন, তাহলে তাদের সম্পর্কেও আপনি ওআইএসসি-তে অভিযোগ জানাতে পারেন।

- **আপনার প্রোভাইডার পরিবর্তন করা।** আপনি চাইলে আপনার প্রোভাইডার পরিবর্তন করার অধিকার আপনার আছে, যদিও এর জন্য অতিরিক্ত টাকা এবং সময়ের প্রয়োজন হতে পারে, কারণ নতুন প্রোভাইডারকে নিয়োগ করতে হবে এবং তাদের আপনার মামলাটি সম্পর্কে জানতে হবে। এছাড়াও আপনার প্রোভাইডার আপনার নতুন প্রোভাইডারকে আপনার কাগজপত্র দেওয়ার আগে তারা যে কাজ করেছে সেজন্য আপনাকে তাদের টাকা দিতে হতে পারে।

  আপনি যদি আইনি সহায়তা নেন এবং প্রোভাইডার পরিবর্তন করতে চান তাহলে নতুন কোনো প্রোভাইডার নিয়োগ করার জন্য আপনাকে বর্তমান প্রোভাইডার সম্পর্কে আনুষ্ঠানিকভাবে অভিযোগ জানাতে হতে পারে। নির্দিষ্ট কিছু ধরনের মামলায় এর প্রয়োজন হয় - কিন্তু সব মামলার ক্ষেত্রে নয়। আপনার প্রোভাইডার নিয়োগ করার সময় তাদের থেকে এই সম্পর্কে জেনে নেবেন।